গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, কুষ্টিয়া
www.doict.kushtia.gov.bd

----

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহেতেশাম রেজা<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৯.১০.২০২৩ |
| সভার সময় | ১১.১০ |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুষ্টিয় |
| উপস্থিতি | ... |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কার্যপত্রের আলোকে আইসিটি সংক্রান্ত বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করলে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচনার বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১.</td><td>ইউনিয়ন ডিজিটাল সেন্টার</td><td>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া জেলায় মোট ইউডিসির সংখ্যা আয় বিবরণী তুলে ধরেন:
<table>
<tr><th>নাম</th><th>সদর</th><th>মিরপুর</th><th>ভেড়া মারা</th><th>দৌল তপুর</th><th>কুমার খালী</th><th>খোকসা</th><th>মোট</th></tr>
<tr><td>ডিজিটাল সেন্টার</td><td>১২</td><td>১৩</td><td>৬</td><td>১৪</td><td>১১</td><td>৯</td><td>৬৫</td></tr>
<tr><td>সাব-ডিজিটাল সেন্টার</td><td>১</td><td></td><td></td><td></td><td></td><td></td><td>১</td></tr>
</table>
সেপ্টেম্বর/২০২৩ মাসে ইউডিসি হতে আয় ১৫,০৮,১৩৩ টাকা। সেবা গ্রহীতার সংখ্যা ৩৯,৪৮৯ জন। সর্বোচ্চ আয়কারী কুমারখালী উপজেলার নন্দলালপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর মাসিক আয় ১৫০০২৩/- টাকা ও সেবাগ্রহীতা ৭৫০ জন। জেলার সর্বোচ্চ আয়কারী উদ্যোক্তাকে পুরস্কার প্রদান করা হয়ে থাকে। সভাপতি মহোদয় ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের নতুন নতুন সেবা যুক্ত করাসহ আয় বৃদ্ধির জন্য তাগিত প্রদান করেন।<br>এছাড়া অনলাইন জন্ম নিবন্ধনের জন্য নতুন সাইটে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সকল ইউনিয়নে চলমান রয়েছে। অনলাইন জন্মনিবন্ধনের ক্ষেত্রে সরকার প্রদত্ত বিধি-বিধান অনুসরণ করে নিবন্ধন করা এবং নির্ধারিত সময়ের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কোন ভাবেই যেন একই ব্যক্তি একাধিক নামে নিবন্ধন করতে না পারে সেদিকে খেয়াল রাখতে হবে। সভাপতি মহোদয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রোগ্রামার-কে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করার নির্দেশনা প্রদান করেন।</td><td>ক) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করবেন।<br>খ) ইউডিসির আয় বাড়ানো, ইউডিসির কার্যক্রম সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ এবং জনগণকে প্রদেয় সেবা সহজীকরণ করতে হবে।<br>গ) সরকার প্রদত্ত বিধি-বিধান অনুসরণ করে জন্মনিবন্ধন করতে হবে।<br>ঘ) জন্ম নিবন্ধন সংশোধনের ক্ষেত্রে আবেদন যাচাই-বাছাই পূর্বক এ সংক্রান্ত বিধিবিধান অনুসরণ করে করতে হবে।</td><td>উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>মেয়র/চেয়ারম্যান (সকল)</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | ই-নথির কার্যক্রম | সভায় জানানো হয়, জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর ই-নথি থেকে ডি-নথি (ডিজিটাল নথি) তে আপগ্রেশনের কার্যক্রম চলমান থাকায় নথির রিপোর্টিং কার্যক্রম আপাতত বন্ধ রয়েছে। জেলা পর্যায়ের সকল সরকারি অফিসে ডি-নথিতে আপগ্রেশনের কার্যক্রম সম্পন্ন হলে নথির মাসিক রিপোর্ট অপশন চালু হবে। জেলা পর্যায়ে ৫৪টি সরকারি অফিস নথিতে লাইভে আছে এবং আন্তঃ সিস্টেমে পত্র আদান প্রদান করতে পারেন। ই-নথির কার্যক্রম পরিচালনা করতে সমস্যা হলে প্রোগ্রামারের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের দাপ্তরিক ও নাগরিক ডাক ই-নথির মাধ্যমে গ্রহণ ও নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রোগ্রামার-কে যে সকল দপ্তর ই-নথি কার্যক্রমে পিছিয়ে রয়েছে, সে সকল দপ্তর প্রধানের সাথে যোগাযোগ করে ই-নথির উপর প্রশিক্ষণ প্রদান করাসহ ই-নথির কার্যক্রম বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে। পত্র জারীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>খ) উপজেলা নির্বাহী অফিসারগণকে দাপ্তরিক ও নাগরিক সকল চিঠিপত্র ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করা হয়।<br>গ) জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের দাপ্তরিক কার্যক্রম ডাক গ্রহণ ও নিষ্পত্তি ই-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br>ঘ) ই-নথির প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বিভাগীয় প্রধান (সকল), প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ৩. | ইনোভেশন আইডিয়া সম্পর্কিত আলোচনা | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া জানান যে, এটুআই প্রোগ্রাম এর নির্দেশনা মোতাবেক জনগণের দোরগোড়ায় দ্রুত সেবা পৌঁছে দিতে ইনোভেশন টিমের সৃজনশীলতা, উদ্ভাবনী চিন্তা ভাবনা ও উৎকর্ষ সাধনে নতুন নতুন ধারণা উপস্থাপন এবং ইনোভেশন আইডিয়া নিয়ে প্রণীত পাইলট প্রকল্প সংক্রান্ত বিষয়ে প্রতিমাসে সভা করা হচ্ছে। প্রত্যেক মাসেই ২/৩টি করে ইনোভেশন প্রকল্পের Power Point Presentation সহ সুবিধাভোগীদের বিভিন্ন পরামর্শ দেওয়া হয়ে থাকে। সভাপতি জেলা ও উপজেলা পর্যায়ে চলমান ইনভেশন কার্যক্রমকে আরো উন্নয়ন ও সহজীকরণ করার অনুরোধ করেন। | সরকারি/ বেসরকারি দপ্তরের চলমান ইনোভেশন আইডিয়ার পাশাপাশি প্রত্যেক দপ্তর একাধিক ইনোভেশন আইডিয়া তৈরী করে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। চলমান ইনোভেশনের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল) জেলা ও উপজেলা কার্যালয় ও প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ৪. | জেলা ও উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক কমিটি গঠন ও সভা আহবান | সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক কমিটির সভা নিয়মিত আহ্বান করাসহ সভার কার্যবিবরণী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | জেলা ও উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক কমিটির সভা নিয়মিত আহ্বান করতে হবে এবং সভার কার্যবিবরণী ই-নথি ও ই-মেইল এর মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল), কুষ্টিয়া। |
| ৫. | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত আলোচনা | এ জেলায় ৪২৭ টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু রয়েছে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম চলমান রাখার বিষয়ে আলোচনা হয়। সভাপতি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর প্রোগ্রামারকে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য নির্দেশনা প্রদান করেন। | শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস রুম কার্যক্রম চলমান রাখতে হবে।<br>বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া। ও প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ৬. | জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনা | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, কুষ্টিয়া জেলার ওয়েব পোর্টালে তথ্য সন্নিবেশ ও নিয়মিত হালনাগাদ করা হয়ে থাকে। এটুআই হতে প্রদত্ত রিপোর্ট অনুযায়ী কুষ্টিয়ায় জেলা পর্যায়ে ১০২ টি পোর্টাল রয়েছে। পোর্টালগুলোর তথ্য সন্নিবেশ ও হালনাগাদ কার্যক্রম অব্যাহত রয়েছে। ইতোমধ্যে ওয়েবপোর্টালে তথ্য সন্নিবেশ ও হাল-নাগাদ করার জন্য সকল দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে এবং নিয়মিত পোর্টাল হাল-নাগাদ করার জন্য টেলিফোন ও মৌখিকভাবে অবগত করা হয়ে থাকে। পোর্টালে তথ্য সন্নিবেশ ও হালনাগাদ নিয়মিত মনিটরিং করার জন্য প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া যে সকল দপ্তরের পোর্টালের তথ্য হাল-নাগাদ করা নাই, সে সকল দপ্তর প্রধানের সাথে যোগাযোগ করে তথ্য হাল-নাগাদ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা দেওয়া হয়। স্ব-স্ব দপ্তরের ওয়েবপোর্টালে বাংলার পাশাপাশি ইংরেজীতে তথ্য আপলোড কার্যক্রম করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের ওয়েবপোর্টালের প্রোফাইল আপডেট ও পাসওয়ার্ড পরিবর্তণের জন্য এটুআই এর নির্দেশনা অনুযায়ী পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে ওয়েবপোর্টালের নিরাপত্তার জন্য প্রোফাইল আপডেট, পাসওয়ার্ড পরিবর্তন ও সংরক্ষণের বিষয়ে নির্দেশনার প্রদান করা হয়। | প্রত্যেক বিভাগ/দপ্তর এর দৈনন্দিন কার্যক্রমের বিবরণী ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং বিশেষ করে অফিসে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণের তথ্য এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য ওয়েব পোর্টালে সন্নিবেশ ও নিয়মিত হাল-নাগাদ করতে হবে। দাপ্তরিক বিভিন্ন ধরনের সেবা পোর্টালে প্রকাশ করতে হবে। এপিএ, এনআইএস, সিটিজেন চার্টার এর হাল-নাগাদ কপি আপলোড করতে হবে। স্ব-স্ব দপ্তরের ওয়েবপোর্টালে বাংলার পাশাপাশি ইংরেজীতে তথ্য আপলোড করতে হবে। এছাড়া<br>পোর্টালের প্রোফাইল আপডেট ও পাসওয়ার্ড পরিবর্তন ও সংরক্ষণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ৭. | সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার | জেলা প্রশাসকের কার্যালয়ের ফেসবুক পেজের বর্তমান ফলোয়ার সংখ্যা ৬১,৮৮৫ জন। জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের উল্লেখযোগ্য কার্যক্রম সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করাসহ ফেসবুকে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। জেলা প্রশাসক মহোদয় উপস্থিত সকলকে সতর্কতার সাথে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের নির্দেশনা প্রদান করেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট শেয়ার করার পূর্বে অবশ্যই যাচাই-বছাই করে শেয়ারের জন্য অনুরোধ করেন। | উন্নয়নমূলক কার্যক্রম ফেসবুকে প্রকাশ করাসহ ফেসবুকে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে। দাপ্তরিক উল্লেখযোগ্য কার্যক্রমের চিত্রসহ পোস্ট দিতে হবে। এছাড়া সতর্কতার সাথে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান। |

<table>
<tr>
<td>৮.</td>
<td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব</td>
<td>এ জেলার শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রকল্পের আওতায় ৫৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। যার বিবরণ:
<table>
<tr><th>বিবরণ</th><th>সদর</th><th>মিরপুর</th><th>ভোড়া মারা</th><th>দৌল তপুর</th><th>কুমার খালী</th><th>খোকসা</th><th>মোট</th></tr>
<tr><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব</td><td>১৭</td><td>৪</td><td>৭</td><td>১৬</td><td>৮</td><td>৩</td><td>৫৫</td></tr>
</table>
পরবর্তীতে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ২য় পর্যায় প্রকল্পের আওতায় এ জেলার ৬টি উপজেলায় ৭৭টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ৪টি স্কুল অব ফিউচার স্থাপন করা হয়েছে। যার বিবরণ:
<table>
<tr><th>বিবরণ</th><th>সদর</th><th>মিরপুর</th><th>ভোড়া মারা</th><th>দৌল তপুর</th><th>কুমার খালী</th><th>খোকসা</th><th>মোট</th></tr>
<tr><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব</td><td>২৫</td><td>১৩</td><td>৭</td><td>১৫</td><td>১১</td><td>৬</td><td>৭৭</td></tr>
<tr><td>স্কুল অব ফিউচার</td><td>১</td><td></td><td>১</td><td>১</td><td>১</td><td></td><td>৪</td></tr>
</table>
সভাপতি মহোদয় শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবগুলো যথাযথ ব্যবহার নিশ্চিত করাসহ ২য় পর্যায়ে চারটি স্থাপিত ৪টি স্কুল অব ফিউচারের সকল মালামাল সঠিকভাবে স্থাপন করা হয়েছে কিনা সে বিষয়ে তদারকি করার জন্য প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামারগণকে নিয়মিত পরিদর্শন করার জন্য নির্দেশনা প্রদান করেন। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও জেলা শিক্ষা অফিসারকে ল্যাবগুলোর কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করার জন্য অনুরোধ করেন।<br>
এছাড়া, চলতি ২০২৩-২৪ অর্থ বছরের এ জেলায় প্রস্তাবিত ১১৭টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা প্রেরণ করা হয়েছে।</td>
<td>বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবের ব্যবহার শতভাগ নিশ্চিত করাসহ নিয়মিত ল্যাবগুলোর কার্যক্রম পর্যবেক্ষণ এবং নিয়মিত পরিদর্শন করতে হবে।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার (সকল),<br>জেলা শিক্ষা অফিসার<br>ও<br>প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ এহেতেশাম রেজা
জেলা প্রশাসক

**নম্বর:**

তারিখ:

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, কুষ্টিয়া-১/ কুষ্টিয়া-২/ কুষ্টিয়া-৩/ কুষ্টিয়া-৪ ও উপদেষ্টা, আইসিটি বিষয়ক জেলা কমিটি, কুষ্টিয়া।;
২। পুলিশ সুপার, কুষ্টিয়া;
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া;
৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুষ্টিয়া;
৫। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, কুষ্টিয়া;
৬। অধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া;
৭। অধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া;
৮। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া;
৯। বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, কুষ্টিয়া;
১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া।;
১১। অধ্যক্ষ, কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট;
১২। সহকারী কমিশনার, আইসিটি, কুষ্টিয়া;
১৩। প্রধান শিক্ষক, কুষ্টিয়া জিলা স্কুল, কুষ্টিয়া;
১৪। সভাপতি আর, আর, ফাউন্ডেশন, ফারাকপুর, ভেড়ামারা, কুষ্টিয়া;
১৫। পরিচালক, ভেনাস আইটি পার্ক, কুষ্টিয়া এবং
১৬। অফিস কপি।

মোঃ এহেতেশাম রেজা
জেলা প্রশাসক